

তোমারি ঝরনাতলার নির্জনে
 মাটির এই কলস আমার ছাপিয়ে গেল কোন্ ক্ষণে ॥
 রবি ওই অস্ত্রে নামে শৈলতলে,
 বলাকা কোন্ গগনে উড়ে চলে—
 আমি এই করুণ ধারার কলকলে
 নীরবে কান পেতে রই আনমনে
 তোমারি ঝরনাতলার নির্জনে ॥
 দিনে মোর যা প্রয়োজন বেড়াই তারি খোঁজ করে,
 মেটে বা নাই মেটে তা ভাবব না আর তার তরে
 সারাদিন অনেক ঘুরে দিনের শেষে
 এসেছি সকল চাওয়ার বাহির-দেশে,
 নেব আজ অসীম ধারার তীরে এসে
 প্রয়োজন ছাপিয়ে যা দাও সেই ধনে
 তোমারি ঝরনাতলার নির্জনে ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Kedara-Chhayanat
 Visit www.geetabitan.com for notation and other detail